

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৯৭
আগরতলা, ১৬ জুলাই, ২০২৪

**২৯ জুলাই থেকে ৩ আগস্ট
বিশেষ লোক আদালত সপ্তাহ**

আগামী ২৯ জুলাই থেকে ৩ আগস্ট পর্যন্ত সুপ্রিম কোর্ট বিশেষ লোক আদালত সপ্তাহের আয়োজন করছে। সুপ্রিম কোর্টে ত্রিপুরার ৪৯টি মামলা এই আদালতে শুনানির জন্য গ্রহণ করা হয়েছে। প্রথম দিকে ৩৪টি মামলা প্রি-লোক আদালত কনসিলিয়েশনের জন্য পাঠিয়েছিল সুপ্রিম কোর্ট। পরে ত্রিপুরার আরও কিছু মামলা পাঠানো হয়। মামলাগুলির চূড়ান্ত শুনানির আগে সুপ্রিম কোর্টের নির্দেশে ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে গত ২৫ জুন থেকেই প্রি-লোক আদালত কনসিলিয়েশনের প্রক্রিয়া শুরু হয়েছে। আগামী ২২ জুলাই পর্যন্ত হাইকোর্ট আইনসেবা কমিটির অফিসে প্রি-লোক আদালত কনসিলিয়েশন প্রক্রিয়া চলবে। ইতিমধ্যেই মামলার সব পক্ষকে নোটিস দেওয়া হয়েছে। প্রয়োজনে ভিডিও কনফারেন্সের মাধ্যমেও প্রি-লোক আদালত কনসিলিয়েশনের শুনানিতে অংশ গ্রহণের সুবিধা রয়েছে। বিশেষ লোক আদালতকে কেন্দ্র করে ইতিমধ্যেই বেশিরভাগ মামলায় প্রি-লোক আদালত কনসিলিয়েশন হাইকোর্ট আইনসেবা কমিটি সহ জেলা আইনসেবা কর্তৃপক্ষের অফিসে শেষ হয়েছে। নোটিসপ্রাপ্ত ব্যক্তিদের সংশ্লিষ্ট অফিসে উপস্থিত হয়ে লোক আদালতের সুবিধা গ্রহণ করার জন্য অনুরোধ করেছেন ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী।
